

## সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৮৪

১৪. মানত ও শপথ অধ্যায় (كتاب النذور والأيمان)

পরিচ্ছেদঃ ৯. কোনো ব্যক্তি কোনো বিষয়ে শপথ করার পর অন্য বিষয়কে এরচেয়ে উত্তম দেখতে পায়

بَابُ مَنْ حَلَفَ عَلَى يَمِينٍ فَرَأَى غَيْرَهَا خَيْرًا مِنْهَا

আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَمْرِو هُوَ ابْنُ مَرْثَةَ قَالَ سَمِعْتُ رَجُلًا يُقَالُ لَهُ عَبْدُ اللَّهِ بْنُ عَمْرِو زَمَنَ الْجَمَاجِمِ يُحَدِّثُ قَالَ سَأَلَ رَجُلٌ عَدِيَّ بْنَ حَاتِمٍ فَحَلَفَ أَنْ لَا يُعْطِيَهُ شَيْئًا ثُمَّ قَالَ لَوْلَا أَنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَنْ حَلَفَ عَلَى يَمِينٍ فَرَأَى غَيْرَهَا خَيْرًا مِنْهَا فَلْيَأْتِ الَّذِي هُوَ خَيْرٌ وَلْيُكْفِرْ عَنْ يَمِينِهِ

বাংলা

২৩৮৪. আব্দুল্লাহ ইবনু আমর নামক মাথায় পক্ষাঙ্কাতগ্রস্ত এক ব্যক্তি হতে বর্ণিত, তিনি বলেন, এক লোক আদী ইবনু হাতিম রাদ্দিয়াল্লাহু আনহু এর নিকট কিছু চাইল। তখন তিনি শপথ করলেন যে, তিনি তাকে কিছুই দেবেন না। অতঃপর তিনি বললেন, আমি যদি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে একথা বলতে না শুনতাম, তিনি বলেছেন: “কোন ব্যক্তি শপথ করার পর অপর কোনো বিষয়ে কল্যাণ দেখতে পেলে সে যেন ঐ কল্যাণকর কাজটি করে এবং তার শপথের কাফফারা আদায় করে।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদে আব্দুল্লাহ ইবনু আমর রয়েছে, যে হাসানের মুক্ত দাস ছিল। আর তার ব্যাপারে বুখারী, তার কাবীর ৫/১৫১ ও ইবনু আবী হাতিম, জারহ ওয়াত তা'দীল ৫/১১৭ এ কোনো প্রশংসা বা সমালোচনা কোনোটাই করেননি। ফলে এটি ইবনু হিব্বানের শর্তানুযায়ী। অন্যান্য বর্ণনাকারী গণ বিশ্বস্ত। তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: মুসলিম, আইমান ১৬৫১; আমরা এর তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৪৩৪৬ তে।

এছাড়াও, বুখারী ৫/১৫১।

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82667>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন